# এমএড প্রোগ্রাম

## EDM 2407: Bangladesh Studies

### কোর্সের বর্ণনা

'বাংলাদেশ স্টাডিজ' এমএড প্রোগ্রামের একটি কোর্স হিসেবে সংযোজন করা হয়েছে। এই কোর্সে বাংলাদেশের ইতিহাস, রাজনীতি, অর্থনৈতিক অবস্থা, সংস্কৃতি ও ঐতিহ্য ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় তথ্য সংযোজিত হয়েছে। এই কোর্সে ঐ সকল অংশই সংযোজন করা হয়েছে যা বাংলাদেশের নাগরিক হিসেবে প্রত্যেকেরই জানা প্রয়োজন। এই কোর্সটি একটি সমন্বিত বিষয় হওয়ায় এতে অন্তর্ভুক্ত বিষয়গুলোর উপর গভীর জ্ঞান অর্জন করা সম্ভব না হলেও সাধারণভাবে প্রয়োজনীয় জ্ঞান অর্জন করাই প্রত্যাশিত। এই কোর্সটি সম্পন্ন করলে এমএড শিক্ষার্থীগণ বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস, বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা, বাংলাদেশের সামাজিক ও রাষ্ট্রীয় ঐতিহ্য এবং এই ভূখণ্ডে বসবাসরত জনগোষ্ঠীর সংস্কৃতি সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারবে বলে আশা করা যায়।

### উদ্দেশ্য

- বাংলাদেশ ও এদেশে বসবাসরত জনগোষ্ঠীর সাধারণ ও নৃ-তাত্ত্বিক পরিচিতি এবং বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।
- বাংলাদেশের ভূ-প্রকৃতি, নদ-নদী ও জলবায়ু এবং এর প্রভাব ব্যাখ্যা করতে পারবে।
- প্রাচীন ও মধ্যযুগের বাংলার শাসকদের কর্মকাণ্ড সম্পর্কে বর্ণনা করতে পারবে।
- ঔপনিবেশিক শাসন ব্যবস্থায় বাংলাদেশের সমাজ, সংস্কৃতি, অর্থনীতি ও শিক্ষাব্যবস্থা সম্পর্কে বর্ণনা করতে পারবে।
- বাঙালি জাতীয়তাবাদ ও বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস বর্ণনা ও ব্যাখ্যা করতে পারবে।
- বাংলাদেশের সামাজিক সংস্কৃতিক ইতিহাস বর্ণনা ও ব্যাখ্যা করতে পারবে।
- বাংলাদেশের ভূ-প্রকৃতি, পরিবেশ ও জলবায়ু সম্পর্কে বর্ণনা করতে পারবে।
- বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির কারণ ও প্রভাব বর্ণনা করতে পারবে।
- বাংলাদেশের মানবসম্পদ উন্নয়নে উচ্চ ঘনত্বের জনসংখ্যার প্রভাব বর্ণনা করতে পারবে।
- বাংলাদেশের সরকার, সংবিধান ও বিচার ব্যবস্থা সম্পর্কে বর্ণনা করতে পারবে।
- বাংলাদেশের রাজনৈতিক দলসমূহের বৈশিষ্ট্য ও রাজনৈতিক কৌশল ব্যাখ্যা করতে পারবে।

**ইউনিট- ১: দেশ ও জনগোষ্ঠীর পরিচিতি (Description of the Country and its people)**
বাংলাদেশের নামকরণ, প্রাচীন বাংলার জনপদ, ভূ-প্রকৃতির বৈশিষ্ট্য, বাংলাদেশের সমাজ ও জনগণের উপর নদ-নদী ও জলবায়ুর প্রভাব, বাংলাদেশের জনগোষ্ঠীর নৃ-তাত্ত্বিক পরিচিতি।

**ইউনিট- ২: প্রাচীন বাংলার ইতিহাস (History of Ancient Bengal)**
বাংলায় মৌর্য, গুপ্ত শাসন, স্বাধীন বঙ্গ ও গৌড়, বাংলায় পালবংশ ও সেনবংশের শাসন।

**ইউনিট- ৩: মধ্যযুগে বাংলার ইতিহাস (History of Mediaeval Bengal)**
বাংলায় সুলতানী আমলের শাসন, বাংলায় মোগল আমলের শাসন।

**ইউনিট- ৪: আধুনিক বাংলায় ঔপনিবেশিক শাসন (১৭৫৭-১৯৪৭) (Colonial Rule in Modern Bengal)**

ইস্ট ইন্ডিয়া কোম্পানীর শাসন (১৭৫৭-১৮৫৮), কোম্পানীর আমলে বাংলার সমাজ, সংস্কৃতি, অর্থনীতি ও শিক্ষা। বাংলায় নবজাগরণ ও সংস্কার আন্দোলন, বঙ্গভঙ্গ ও সমকালীন রাজনীতি (১৯০৫-১৯১১)। বঙ্গভঙ্গ উত্তর বাংলার রাজনীতি (১৯১১–১৯৩৫), বিভাগ পূর্ব বাংলার রাজনীতি (১৯৩৭–১৯৪৭)।

**ইউনিট-৫: বাঙালি জাতীয়তাবাদ ও বাংলাদেশের অভ্যুদয় (Bengali Nationalism and Emergence of Bangladesh)**

বাংলা ভাষা ও বাঙালি জাতীয়তাবাদ, বাংলা ভাষা আন্দোলন ও ভাষা আন্দোলন পরবর্তী রাজনীতি, যুক্তফ্রন্ট, সামরিক শাসন ও সামরিক শাসন বিরোধী আন্দোলন, পশ্চিম পাকিস্তান কর্তৃক পূর্ব পাকিস্তানের প্রতি বৈষম্য ও স্বাধিকার আন্দোলন, ছয়দফা আন্দোলন ও উনসত্তরের গণঅভ্যুত্থান, সত্তরের নির্বাচন, মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়।

**ইউনিট- ৬: বাংলাদেশের সামাজিক সাংস্কৃতিক দিক (Sociological and Cultural Aspects of Bangladesh)**

বাংলাদেশের সামাজিক ইতিহাস ও সমাজ ব্যবস্থা, সাংস্কৃতিক বৈশিষ্ট্য ও ঐতিহ্য, নৃ-জাতিগোষ্ঠীগত পরিচয় ও তাদের সংস্কৃতি, সামাজিক সমস্যা ও ইস্যু এবং সমাধান, সামাজিক পরিবর্তন ও উন্নয়ন।

**ইউনিট- ৭: ভূগোল ও পরিবেশ (Geography and Environment)**

অবস্থান, ভূ-প্রকৃতি, জলবায়ু, জলবায়ু পরিবর্তন, অতিবৃষ্টি, খরা, দুর্যোগ, বিভিন্ন ধরনের দুর্যোগ, দুর্যোগ ব্যবস্থাপনা কৌশল (দুর্যোগ পূর্ব ও পরবর্তী), পরিবেশগত চ্যালেঞ্জ ও মোকাবেলার উপায়।

**ইউনিট- ৮: অর্থনীতি ও জাতীয় উন্নয়ন**

অর্থনৈতিক ব্যবস্থা, কৃষি (খাদ্য শস্য এবং বাণিজ্যিক শস্য উৎপাদন) ব্যবসা, বাণিজ্য, শিল্প, অর্থনৈতিক পরিবর্তন, জিডিপি, বাজেট, কর, কর্মসংস্থান, অর্থনৈতিক উন্নয়ন ও সম্ভাবনা, শিক্ষা এবং মানব সম্পদ উন্নয়নের প্রয়োজনীয়তা ও পন্থা।

**ইউনিট- ৯: জনসংখ্যা ও উন্নয়ন (Population and Development)**

বাংলাদেশের জনমিতিক পরিচয়, জনসংখ্যা বৃদ্ধি ও তার প্রভাব, জনসংখ্যা সম্ভাবনা (Population prospect), গ্রাম থেকে শহরে স্থানান্তর (migration), কারণও প্রভাব, জনসংখ্যা ও মানবসম্পদ উন্নয়ন, মানবসম্পদ এবং জাতীয় উন্নয়নে সরকারের রূপকল্প এবং নাগরিকের ভূমিকা।

**ইউনিট- ১০: বাংলাদেশের সরকার ও রাজনীতি (Government and Politics of Bangladesh)**

বাংলাদেশের সংবিধান – বাংলাদেশের সংবিধান প্রণয়ন, বৈশিষ্ট্য, সংশোধনীসমূহ, রাষ্ট্র পরিচালনার মূলনীতি, বাংলাদেশের সরকার ব্যবস্থা– গঠন, প্রধানমন্ত্রীর ক্ষমতা ও কাজ, রাষ্ট্রপতির ক্ষমতা ও কাজ, স্থানীয় সরকার, বাংলাদেশের জাতীয় সংসদ – গঠন, ক্ষমতা ও কাজ, বাংলাদেশের বিচার ব্যবস্থা – গঠন, ক্ষমতা ও কাজ, বিচার বিভাগের স্বাধীনতা, বাংলাদেশের পররাষ্ট্রনীতি – লক্ষ্য, উদ্দেশ্য ও নির্ধারক, বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায়, বাংলাদেশের ভূমিকা, জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীতে বাংলাদেশের ভূমিকা, রাজনৈতিক দল – বৈশিষ্ট্য ও কর্মকৌশল।

## সহায়ক গ্রন্থাবলি


১. নীহাররঞ্জন রায়, *বাঙালীর ইতিহাস - আদিপর্ব*, দেশ পাবলিশিং, কলিকাতা, মাঘ ১৪১৪।
২. রমেশ চন্দ্র মজুমদার, *বাংলাদেশের ইতিহাস*, ১ম খণ্ড, জেনারেল প্রিন্টার্স এন্ড পাবলিশার্স, কলিকাতা, জানুয়ারি ১৯৯৮।
৩. ড. মুহম্মদ আবদুর রহিম ও অন্যান্য, *বাংলাদেশের ইতিহাস*, নওরোজ কিতাবিস্থান, ঢাকা, ডিসেম্বর, ২০১৫।
৪. আবদুল করিম, *বাংলার ইতিহাস (সুলতানী আমল)*, বাংলা একাডেমী, ঢাকা, নভেম্বর ১৯৭৭।
৫. সুখময় মুখোপাধ্যায় (১২০৪–১৫৭৬), *বাংলার ইতিহাস*, ২য় খণ্ড, খান ব্রাদার্স এ্যান্ড কোম্পানী, ঢাকা, এপ্রিল, ২০০০।
৬. রাখাল দাস বন্দোপাধ্যায়, *বাংলার ইতিহাস*, ২য় খণ্ড, দেশ পাবলিশিং, কলিকাতা, ১৯৯৬।
৭. এ কে এম শওকত আলী ও অন্যান্য, *স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস*, গ্রন্থকুটির, ঢাকা, মে ২০১৪।
৮. আবদুল হাফিজ, *বাংলাদেশের লৌকিক ঐতিহ্য*, বাংলা একাডেমী, ঢাকা, নভেম্বর ১৯৭৫।
৯. বশীর আল হেলাল, *ভাষা আন্দোলনের ইতিহাস*, বাংলা একাডেমী, ঢাকা, অক্টোবর ১৯৮৫।
১০. ড. আবু মোঃ দেলোয়ার হোসেন, *বাংলাদেশের ইতিহাস (১৯০৫-১৯৭১)*, ঢাকা, আগস্ট ২০০৮।
১১. ড. মোঃ মাহবুবর রহমান, *বাংলাদেশের ইতিহাস (১৯৪৭-৭১)*, সময় প্রকাশ, ঢাকা, জুলাই ২০০৭।
১২. আবদুল বায়েস ও মাহবুব হোসেন, *গ্রামের মানুষ গ্রামীণ অর্থনীতি*, ২০০৭।
১৩. মাহবুব হোসেন ও রুশিদান ইসলাম রহমান, *বাংলাদেশের কৃষি ও গ্রামীণ উন্নয়ন*, ২০০৩।
১৪. এম এম আকাশ, *বাংলাদেশের অর্থনীতি-অতীত, বর্তমান ও ভবিষ্যত*, ২০০৪।
১৫. মাহবুবুল মোকাদ্দেম, *অর্থনীতি-৩, বাংলাদেশের অর্থনীতি, বিএ/বিএসএস প্রোগ্রাম*, এসএসএইচএল, বাউবি, ২০১৫।
১৬. রিজওয়ানুল ইসলাম, *উন্নয়নের অর্থনীতি*, ২০১০।
১৭. রাশেদ আল তিতুমীর, *অর্থনীতি-২, অর্থশাস্ত্রের মূলনীতি: সামষ্টিক অর্থনীতি*, বিএ/বিএসএস প্রোগ্রাম, এসএসএইচএল, বাউবি, ২০১৫।
১৮. রুশিদান ইসলাম রহমান, *বাংলাদেশের অর্থনীতি ও উন্নয়ন: স্বাধীনতার পর চল্লিশ বছর*, ২০১২।
১৯. ড. মোঃ দেলোয়ার হোসেন শেখ, *শিক্ষা ও উন্নয়ন: উন্নয়নশীল দেশের প্রতিশ্রুতি*, ২০০৩।
২০. Sirajul Islam (ed.), *History of Bangladesh 1704-1971*, Vol. 1 (Political History), Dhaka, Asiatic Society.
২১. M Mohabbat Khan and HM Zafarullah, *Politics and Bureaucracy in a Nation*, Bangladesh, Dhaka, CENTAS, 1980.
২২. Md. Shamsul Kabir Khan and Daulatunnahar Khanam, *Bangladesh Studies*, 2011.